যুগান্তর

তারিখ ... 17 MAR 2017
পৃঃ ৩ ... কলাম ৪

# সৃজনশীল মেধা অন্বেষণ শুরু কাল

যুগান্তর রিপোর্ট

আগামীকাল (১৮ মার্চ) থেকে পঞ্চমবারের মতো সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠানের (ষষ্ঠ-দ্বাদশ) শিক্ষার্থীদের নিয়ে সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৭ শুরু হচ্ছে। উপজেলা পর্যায়ে ১৮, ১৯ ও ২০ মার্চ এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এরপর জেলা উপজেলা ও বিভাগীয় পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে ৩০ মার্চ ঢাকায় জাতীয় পর্যায়ে চূড়ান্ত সৃজনশীল মেধা অন্বেষণ অনুষ্ঠিত হবে। চূড়ান্ত প্রতিযোগিতায় বিজয়ী ১২ জন শিক্ষার্থীকে আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নগদ এক লাখ টাকা করে পুরস্কার, ক্রেস্ট ও সার্টিফিকেট দেবেন। এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিজয়ীদের বিদেশ ভ্রমণের ব্যবস্থা করা হবে। বৃহস্পতিবার সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সভাকক্ষে দুপুরে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব তথ্য জানান।

সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের প্রতিভার বিকাশ ঘটাতে ২০১৩ সাল থেকে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা শুরু হয়েছে। পঞ্চমবারের মতো সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৭ শুরু হচ্ছে। ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীরা (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) এ প্রতিযোগিতায় অংশ নিয়েছে। সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ইতিমধ্যে ১৩ ও ১৪ মার্চ এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক বাছাই প্রতিযোগিতা শেষে ১৮, ১৯ ও ২০ মার্চ উপজেলা পর্যায়ে, ২২ মার্চ জেলা পর্যায়ে, ২৩ মার্চ ঢাকা মহানগরে, ২৮ মার্চ বিভাগীয় পর্যায়ে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

# সৃজনশীল মেধা অন্বেষণ শুরু কাল

(৩য় পৃষ্ঠার পর)

আগামী ৩০ মার্চ রাজধানীর আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজে সকাল ৯টায় জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ষষ্ঠ থেকে ৮ম, ৯ম থেকে ১০ম ও একাদশ থেকে দ্বাদশ শ্রেণীর তিনটি ভাগে চারটি বিষয়ের মধ্যে প্রতিযোগিতা হবে। এগুলো হবে ভাষা ও সাহিত্য, দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান, গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ। মন্ত্রী বলেন, প্রতি উপজেলা থেকে বাছাই করা ১২ জন করে শিক্ষার্থী জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশ নেবে। একইভাবে জেলা পর্যায় থেকে নির্বাচিত ১২ জন শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এরপর আটটি বিভাগ ও ঢাকা মহানগর থেকে ১২ জন করে নির্বাচিত মোট ১০৮ জন শিক্ষার্থী চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নেবে। এখান থেকে ৪ বিষয়ে একজন করে তিনটি গ্রুপে মোট ১২ জনকে বছরের সেরা মেধাবী ঘোষণা করা হবে। সংবাদ সম্মেলনে জানানো হয়, প্রতিটি বিষয়ে ৫০ নম্বরের মেধা যাচাইয়ের উদ্যোগ নেয়া হয়। প্রতি পর্যায়ে তিনটি গ্রুপে চারটি বিষয়ে একজন করে সেরা শিক্ষার্থী নির্বাচন করা হয়। মন্ত্রী জানান, শুধু জাতীয় পর্যায়ে মেধাবীদের পুরস্কৃত করা হবে তা-ই নয়, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের সেরা ১২ জনকেও পুরস্কার দেয়া হয়। সেরা মেধাবীদের শিক্ষা সফরের অংশ হিসেবে ২০১৩ ও ২০১৬ সালে মালয়েশিয়ায় এবং ২০১৪ ও ২০১৫ সালে থাইল্যান্ড ভ্রমণে পাঠানো হয় বলে জানান নুরুল ইসলাম নাহিদ। সংবাদ সম্মেলনে শিক্ষা সচিব সোহরাব হোসেইনসহ মন্ত্রণালয় ও অধিদফতরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।